

নিয়ম ভঙ্গ করে নিয়োগ বাক্বির রেজিস্ট্রার ও প্রক্টর অফিসে তালা

বাক্বি প্রতিনিধি

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাক্বি) নিয়ম ভঙ্গ করে নিয়োগ দেয়া হয়েছে ৩০৪ কর্মকর্তা-কর্মচারীকে। দুর্নীতি ও টাকার বিনিময়ে বিএনপি-জামায়াতের অনেক কর্মচারীকে নিয়োগ দেয়া হয়েছে এমন অভিযোগে মঙ্গলবার রেজিস্ট্রার, অতিরিক্ত রেজিস্ট্রার ও প্রক্টর অফিসে গিয়ে হটগোল্ড ও তালা কুলিয়ে দেয় ছাত্রলীগের নেতাকর্মীরা। এ ঘটনায় খুঁজে পাওয়া যাচ্ছে না বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও অতিরিক্ত রেজিস্ট্রারকে। এমনকি গা-ঢাকা দিয়েছেন নিয়োগ কমিটিতে থাকা বিশ্ববিদ্যালয়ের কর্তাব্যক্তির। জানা যায়, ২৮৭ জন কর্মকর্তা-কর্মচারীকে নিয়োগ দেয়ার কথা থাকলেও বিশ্ববিদ্যালয় প্রশাসন নিয়োগ

দিয়েছে ৩০৪ জনকে। সোমবার নিয়োগপ্রাপ্তরা কাজে যোগদান করেছে। বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়ম অনুযায়ী, প্রাথমিক বাছাই শেষে লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ দেয়ার বিধান থাকলেও তা মানেননি ডিসি। ঢালাওভাবে সবাইকে মৌখিক পরীক্ষার মাধ্যমে নিয়োগ প্রদান করে নিয়োগপত্র দেয়া হয়েছে। ভাণবাটোয়ারাজনিত স্বপ্নের কারণে দীর্ঘদিন নিয়োগ আটকে থাকলেও হঠাৎ করেই নিয়োগ হয় তাদের। আগষ্ট মাসে বর্তমান ডিসির মেয়াদ শেষ হওয়ার কথা। তাই শেষ মুহূর্তের ভাণবাটোয়ারায় ব্যস্ত ডিসি। এমন অভিযোগ বিশ্ববিদ্যালয়ের অনেক শিক্ষকের। দুর্নীতি ও টাকার বিনিময়ে বিএনপি-জামায়াতের অনেক কর্মচারীকে নিয়োগ দেয়া হয়েছে এমন অভিযোগে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও অতিরিক্ত রেজিস্ট্রারের বাসায় সোমবার রাতে হামলা চালায় ছাত্রলীগের নেতাকর্মীরা। এ সময় নেতাকর্মীরা তাদের দেখে নেয়ারও হুমকি দেয়। মঙ্গলবার দুপুরে একই কারণে রেজিস্ট্রার, অতিরিক্ত রেজিস্ট্রার ও প্রক্টর অফিসে গিয়ে হটগোল্ড ও দরজায় লাথি মারে ছাত্রলীগের নেতাকর্মীরা। পরে তারা ওই অফিসগুলোতে তালা কুলিয়ে দেয়। এ সময় তারা কেউ অফিসে ছিলেন না। এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের ডিসি অধ্যাপক ড. মো. রফিকুল হকের সঙ্গে খোবাইল ফোনে যোগাযোগের চেষ্টা করা হলে তার ফোন কাটা যায়।